গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৭/২০২৩ তারিখ, সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) গত ২৬ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে ৩.১৩ এর (ঘ) তে লিপিবদ্ধ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখাভিত্তিক কর্মবন্টন হালনাগাদকরণে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়কে আহবায়ক করত: সকল অনুবিভাগ প্রধানগণের সমন্বয়ে গঠিত কমিটির পরিবর্তে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়কে আহবায়ক করত: সকল অনুবিভাগ হতে ০১ (এক) জন যুগ্মসচিব/উপসচিব কে অন্তর্ভুক্তকরত: কমিটি গঠনের সংশোধনীর সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের গত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিশাখা/শাখাভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদ করণ | মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদসহ সেবাবক্সসমূহ হালনাগাদের তারিখ উল্লেখের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ মন্ত্রণালয় কর্তৃক উদযাপিত বিভিন্ন সপ্তাহের (জাতীয় মৎস্য সপ্তাহ, মা-ইলিশ সংরক্ষণ অভিযান, জাটকা সপ্তাহ) ছবি ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া দপ্তর/সংস্থার ওয়েবসাইটে হালনাগাদ করার নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক নির্ধারিত জেলা/উপজেলা অফিস পরিদর্শনকালীন সংশ্লিষ্ট জেলা/ উপজেলার ওয়েবসাইট নিরীক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে মন্ত্রণালয় কর্তৃক উদযাপিত বিভিন্ন দিবস ও সপ্তাহের উল্লেখযোগ্য ছবি নিয়মিত আপলোড করার নির্দেশনা প্রদান করা হয়। | সিস্টেম এনালিস্ট |
| ৩.২ | ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম ৯৫% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়। ২০২২-২৩ অর্থবছরে ই-ফাইলিং এর অগ্রগতি ৯১.৭২%। যেসব শাখার ই-ফাইলিং কার্যক্রমের হার কম তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি বিশেষত পত্র জারির হার বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ই-ফাইলিং কার্যক্রম ৯৫% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করাসহ যেসব শাখার ই-ফাইলিং কার্যক্রমের হার কম তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি বিশেষত পত্র জারির হার বাড়ানোর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট |
| ৩.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর কার্যক্রম | ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'তে পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমসমূহ বিভাজন এবং চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন, সরকারি হাঁস-মুরগীর খামার ও প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন কার্যক্রম ডিসেম্বর/২০২৩ এর মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয় এবং কর্মকর্তাদের জেলাভিত্তিক দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন, সরকারি হাঁস-মুরগীর খামার ও প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন কার্যক্রম ডিসেম্বর/২০২৩ এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ উপসচিব (প্রশাসন-১) |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৪ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | অভীষ্ট-১৪ এর বিষয়ে কর্মশালা আগামী ১৩/০৮/২০২৩ তারিখ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কর্মশালার ভেন্যু ও অংশগ্রহণকারীর সংখ্যা নির্ধারণের বিষয়েও আলোচনা করা হয়। | অভীষ্ট-১৪ বিষয়ক কর্মশালা আগামী ১৩ আগস্ট ২০২৩ তারিখে মৎস্য অধিদপ্তরের সমন্বয়ে সফলভাবে আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) ও উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৫ | অধিশাখা/ শাখা ভিত্তিক পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন সংক্রান্ত। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে জনগুরুত্বপূর্ণ পত্রসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনসহ এ সংক্রান্ত তথ্য যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে উপস্থাপন ও শাখাভিত্তিক পরিদর্শনের মাধ্যমে ডকেটিং কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম মনিটরিং এর বিষয়ে আলোচনা করা হয়। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে জনগুরুত্বপূর্ণ পত্রসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনসহ এ সংক্রান্ত তথ্য যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে উপস্থাপন ও শাখাভিত্তিক পরিদর্শনের মাধ্যমে ডকেটিং কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম মনিটরিং এর নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও সিস্টেম এনালিস্ট |
| ৩.৬ | মন্ত্রণালয়ের শাখা/অধিশাখা পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী সকল অধিশাখা/শাখা নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি যথাসময়ে প্রশাসন-৩ অধিশাখায় দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া মৎস্য-১ অধিশাখা হতে প্রেরিত শাখা পরিদর্শন প্রতিবেদন এর বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তাগণ শাখা/অধিশাখা ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণসহ কর্মকর্তাগণ নিয়মিত শাখা পরিদর্শন করছেন কিনা এ সংক্রান্ত প্রতিবেদন যাচাই-বাছাইপূর্বক তথ্য আগামী সভায় উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৩.৭ | মন্ত্রিপরিষদ সভার সিদ্ধান্ত | ''বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২৩'':<br>খসড়া আইনটি গত ০৬/০৩/২০২৩ তারিখে জাতীয় সংসদে উত্থাপনের নিমিত্ত জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়েছে।<br>"বাংলাদেশ ডেইরি ডেভেলপমেন্ট বোর্ড আইন, ২০২৩":<br>খসড়া আইনটি গত ১৬/০৭/২০২৩ তারিখে মহান জাতীয় সংসদে উত্থাপনের নিমিত্ত জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | সংসদীয় স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (আইন)/ উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৮ | অডিট সংক্রান্ত | মন্ত্রণালয়ের মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ০৮ টি। আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সভায় আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/সহকারি সচিব (প্রশাসন-৪) |
| ৩.৯ | শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত | এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রণীত কর্মপরিকল্পনা গত ১৫/০৬/২০২৩ তারিখে "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোড করা হয়েছে। এবং ২০২২-২৩ এর ২য় অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন এর হার্ডকপি ১৬/০৭/২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এর বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সফটওয়্যারে আপলোডের নির্দেশনা প্রদান করা হয়। | যুগ্মসচিব মৎস্য-১/ উপসচিব প্রশাসন-৩ |
| ৩.১০ | নথি বিনষ্টকরণ | গত ২৫/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত নথি বিনষ্টকরণ সংক্রান্ত সভা এবং বিভিন্ন শাখা/অধিশাখা হতে প্রেরিত | শাখা/অধিশাখাভিত্তিক নথি বিনষ্টে গঠিত "নথি বিনষ্টকরণ সংক্রান্ত | অতিরিক্ত সচিব |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিনষ্টযোগ্য নথির বিষয়ে আলোচনা করা হয়। | যাচাই-বাছাই কমিটি"র সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | (প্রশাসন) |
| ৩.১১ | মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত | মন্ত্রণালয়ে মে/২০২৩ মাসে ০৩ টি রীট মামলা ও ০২ টি প্রশাসনিক ট্রাইবুন্যাল মামলা প্রাপ্তি, এপ্রিল-জুন/২০২৩ পর্যন্ত নিষ্পত্তিকৃত মামলার মধ্যে ০২ টি মামলা সরকারের পক্ষে নিষ্পত্তি হয়েছে এবং ০১ টি মামলা সরকারের বিপক্ষে রিভিউ আদেশে চূড়ান্ত নিষ্পত্তি হওয়া এবং জুন ২০২৩ পর্যন্ত মন্ত্রণালয়ের বিরুদ্ধে চলমান ০৩ টি প্রশাসনিক মামলার বিষয়ে আলোচনা করা হয়েছে। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে দ্রুততার সাথে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (আইন) |
| ৩.১২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত | ২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রণালয়ের জন্য প্রস্তুতকৃত ইন-হাউজ প্রশিক্ষণ বিষয়ক মডিউলের আলোকে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়েছে। | ২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রণালয়ের জন্য প্রস্তুতকৃত ইন-হাউজ প্রশিক্ষণ বিষয়ক মডিউলের আলোকে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (প্রশাসন-৩) |
| ৩.১৩ | বিবিধ | মন্ত্রণালয়ে রক্ষিত মৎস্য অধিদপ্তর এ প্রাণিসম্পদ অধিদপ্তর এর কর্মকর্তাগণের এসিআর (বিশেষ ক্ষেত্র ব্যতীত) অবসর গমনের ০২ (দুই) বছর পর 'এসিআর অনুশাসনমালা ২০২০' অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের ০৯ম ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের এসিআর সংরক্ষণ ও এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য আলাদা কক্ষ বরাদ্দ প্রদান এবং ০১ (এক) জন কর্মকর্তা (যুগ্মসচিবের নিম্নে নয়)-কে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের ০৯ম ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের এসিআর সংরক্ষণ ও এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য আলাদা কক্ষ বরাদ্দ প্রদান এবং ০১ (এক) জন কর্মকর্তা (যুগ্মসচিবের নিম্নে নয়)-কে দায়িত্ব প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব প্রশাসন-২ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/৮/২৩

(ড. নাহিদ রশীদ)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়